

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং- ১৮.৭০৭.০৪৭.০০.৩৩৩.২০২৬/ ৫০৯

তারিখঃ ০১/০৬/২০২৬খ্রিঃ

জনাব মোঃ আসলাম মিয়া  
ডিজেল মেকানিক  
(সাময়িক বরখাস্তকৃত)  
ড্রেজিং বিভাগ,  
বিআইডব্লিউটিএ  
নারায়ণগঞ্জ (বর্তমান কর্মস্থল, ঢাকা)।

স্থায়ী ঠিকানাঃ  
পিতাঃ আব্দুল মালেক মিয়া  
গ্রামঃ বড় মাদারীপুর, পোঃ মাটিপাড়া  
থানাঃ রাজবাড়ি(সদর)  
জেলাঃ রাজবাড়ী।

বিষয় : মুচলেকায় (বন্ড) উল্লিখিত শর্তানুযায়ী ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা কর্তৃপক্ষের কোষাগারে জমাকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি Australia Institute of Business and Technology (AIBT) হতে Diploma of Automotive Management কোর্সে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ে স্মারক নং-১৮.০০. ০০০০.০১৯.০৮.০০১.২৩.৯৬ তারিখঃ ৩০/০৪/২০২৩ এর নির্দেশনা মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প মুচলেকা দিয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পর্যায়ক্রমে গত ১৮/০৬/২০২৩খ্রিঃ হতে ১৭/০৬/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত ১(এক) বছর এবং গত ১৮/০৬/২০২৪খ্রিঃ হতে ১৭/০৬/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত ১(এক) বছর সহ সর্বমোট ২(দুই) বছর বিনাবেতনে অধ্যয়ন ছুটি নিয়ে অস্ট্রেলিয়া গমন করেন। আপনার ছুটির মেয়াদ ১৭/০৬/২০২৫খ্রিঃ তারিখে অতিক্রান্ত হওয়ার পরও অদ্যাবধি আপনি কর্মস্থলে কাজে যোগদান না করে দীর্ঘ সময় বিদেশে অবস্থান করছেন। আপনি কর্তৃপক্ষের আদেশ অমান্য করে বিনানুমতিতে দপ্তরে দীর্ঘদিন যাবৎ অনুপস্থিত থাকায় কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৫/২০২৫; তারিখঃ ৩০/১২/২০২৫খ্রিঃ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(১) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে আপনাকে সাময়িক বরখাস্ত করে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়।

২। উক্ত মুচলেকায় আপনি অঙ্গিকার প্রদান করেন যে, নির্ধারিত সময়ে দেশে ফিরে কর্তব্য কাজে যোগদান না করলে সরকার তথা কর্তৃপক্ষ-কে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন।

০৩। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার প্রেক্ষিতে মুচলেকায় (বন্ড) উল্লিখিত শর্তানুযায়ী ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জরুরী ভিত্তিতে কর্তৃপক্ষের কোষাগারে জমাকরণের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১/৬/২০২৬  
(নাহিদা বিনতে সাঈদ)  
উপ-পরিচালক (মানব সম্পদ)

অনুলিপিঃ

- ০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা  
(উল্লিখিত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জনাব মোঃ আসলাম মিয়া, ডিজেল মেকানিক(সাময়িক বরখাস্তকৃত)  
এর নিকট হতে গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। প্রধান প্রকৌশলী, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ঢাকা যান্ত্রিক সার্কেল, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ,  
বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ।
- ০৫। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৬। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৮। নথি।

নওশীন